গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রকল্প বাস্তবায়ন-১ অধিশাখা
www.mohfw.gov.bd

## মনিটরিং টিম-২ এর সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি : | মো: মিজানুর রহমান, অতিরিক্ত সচিব (আর্থিক ব্যবস্থাপনা ও অডিট), স্বাস্থ্য সেবা বিভাগ |
| তারিখ ও সময়: | ২২.০১.২০১৮খ্রি: ,সকাল ১১.০০টায় |
| স্থান: | মিনি সভাকক্ষ (কক্ষ-৩৩৮, ভবন নং-৩, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) |
| | সভায় উপস্থিতির হাজিরা পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। পরিচিতি পর্ব শেষে তিনি স্বাস্থ্য সেবা বিভাগের পত্র নং-৪৫.০০.০০০০.১৭২.০৯৯.০০৫.২০১৭-২১৯, তারিখ-২৩.০৭.২০১৭খ্রি: এর গুরুত্ব এবং বাস্তবায়ন বিষয়ে আলোকপাত করেন। অত:পর উপস্থিত লাইন ডাইরেক্টর/ প্রকল্প পরিচালকগণকে স্বস্ব অপারেশনাল প্ল্যান/প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি, সমস্যা, লক্ষমাত্রা বিষয়ে বক্তব্য উপস্থাপনের অনুরোধ করেন।

২. লাইন ডাইরেক্টর, হেলথ ইকনোমিক্স এন্ড ফাইন্যান্সিং জনাব মো: নুরুজ্জামান সংশ্লিষ্ট অপারেশনাল প্ল্যানের অগ্রগতির প্রতিবেদনে উল্লেখ করেন,
২০১৭-১৮ অর্থবছরে এডিপির বরাদ্দ ৩১৩০.০০ লক্ষ টাকা
মোট ব্যয়িত টাকা = ৪২২ লক্ষ,
ছাড়কৃত অর্থের অগ্রগতি = আর্থিক ৪৫.৬% ভৌত ৫৬.২৮%
বরাদ্দের অগ্রগতি = আর্থিক ১৩.৪৮% ভৌত ১৬.৬১%
প্রস্তাবিত আরএডিপি বিপরীতে = আর্থিক ৩১.৯৪ ভৌত ৩৯.৩৬%

তিনি উল্লেখ করেন HEF অপারেশনাল প্ল্যানের মোট ০৫ টি কম্পোনেন্টের স্থানীয় প্রশিক্ষণ, বৈদেশিক প্রশিক্ষণ, গবেষণা, কর্মশালা, প্রিন্টিং, কম্পিউটার ও অন্যান্য যন্ত্রপাতি ক্রয় বাবদ বরাদ্দ রয়েছে এবং আনুপাতিক হারে ব্যয় হচ্ছে। এ ছাড়া দারিদ্রসীমার নিচে বসবাসকারী জনগোষ্ঠিকে মানসম্মত স্বাস্থ্যসেবা দেয়ার লক্ষ্যে টাঙ্গাইল জেলার কালিহাতি, ঘাটাইল ও মধুপুর উপজেলার চলমান একটি পাইলট কর্মসূচি Shastho shurokyha karma suchi (ssk)। মূলত হাসপাতালে ভর্তি হয়ে চিকিৎসা নিতে হয় যা ব্যয়বহুল এমন ৫০টি রোগের চিকিৎসা প্রাথমিকভাবে এই কর্মসূচির আওতায় দেওয়া হচ্ছে।

এছাড়া QIS (Quality Improvement Secretariat),BNHA (Bangladesh National health Accounts) cell, GNSP (Gender,NGO,Stakeholder Participation) Unit এর কার্যক্রম সম্পর্কে তিনি সংক্ষেপে আলোকপাত করেন।

৩. জনাব অধ্যাপক মো: মোয়াররফ হোসেন, পরিচালক ও অধ্যাপক, রেডিওথেরাপী, জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতাল ও প্রকল্প পরিচালক ৫০ শয্যা বিশিষ্ট জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতালকে ৩০০ শয্যায় উন্নীতকরণ প্রকল্প, মহাখালী, ঢাকা বলেন, অত্র প্রকল্পের মেয়াদ ডিসেম্বর ২০১৭ তারিখ শেষ হয়। ০২ (দুই) বছর No- cost Extension জন্য গত ৩০.০৩.২০১৭খ্রি: তারিখে মন্ত্রণালয় পত্র দেওয়া হয় এবং মন্ত্রণালয়ে গত ০৫.১০.২০১৭খ্রি: তারিখে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের পরিকল্পনা অনুবিভাগে প্রকল্প বাস্তবায়ন কমিটি(পিআইসি) সভা অনুষ্ঠিত। উক্ত সভায় অনুমোদিত ডিপিপি ২য় সংশোধনী এর ডিপিপি ৩য় রিভিশন করার সিদ্ধান্ত গৃহীত হয়। সিদ্ধান্ত অনুযায়ী প্রকল্পে ডিপিপি ৩য় রিভিশনের জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণের প্রক্রিয়াধীন আছে।

৪. ডা: মো: হুমায়ুন কবীর, প্রকল্প পরিচালক, শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ ও হাসপাতাল এবং নার্সিং ইনস্টিটিউট, গোপালগঞ্জ বলেন, এ পর্যন্ত মোট ব্যয় ১৯৪২২৯.২৩ লক্ষ টাকা, আর্থিক অগ্রগতি ৩৮.১১%, ভৌত অগ্রগতি ৪২%। ২০১৭-২০১৮ অর্থ বছরে অর্থছাড় করা হয়েছে ২০০৯.২২ লক্ষ টাকা, ব্যয় ৯০১.৫০ লক্ষ টাকা, বৎসরের অগ্রগতি ২১.৫৪%। এছাড়া তিনি উল্লেখ করেন, মেয়াদ বৃদ্ধিসহ প্রস্তাবিত সংশোধিত ডিপিপি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় মারফত অনুমোদিত ২৯/০৪/২০১৫ তারিখে। ২য় সংশোধনী প্রস্তাব ২৭/০৭/২০১৭খ্রি: তারিখে স্বাস্থ্য অধিদপ্তরে জমা দেওয়া হয়েছে। দ্বিতীয়বার DPP সংশোধনের নিমিত্তে RDPP প্রস্তুত পূর্বক 2nd RDPP এর উপরে ষ্টিয়ারিং কমিটির সভা শেষে মন্ত্রণালয় থেকে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে এবং PEC মিটিং অনুষ্ঠিত হয়েছে। নির্দেশনা মোতাবেক আরডিপিপি পূনর্গঠন প্রক্রিয়া চলছে।

৫. ইমপ্রুভড ফিনান্সিয়াল ম্যানেজমেন্ট ওপি বিষয়ে জনাব মো: আবুল কাসেম ভূইয়া, যুগ্মসচিব (এফএমইউ),স্বাস্থ্য সেবা বিভাগ, বলেন, ২০১৭-১৮ অর্থবছরে এডিপির বরাদ্দ ৩৫০.০০ লক্ষ টাকা। ১ম ও ২য় কিস্তিতে মোট ১৪৫.০০ লক্ষ টাকা ছাড় করা হয়েছে। অগ্রগতি ৩০.৫২%।

৬. সেক্টর ওয়াইড প্রোগ্রাম ম্যানেজমেন্ট এন্ড মনিটরিং ওপি বিষয়ে জনাব মো: মজিবুর রহমান (উপপ্রধান), স্বাস্থ্য সেবা বিভাগ বলেন, ২০১৭-১৮ অর্থ বছরে ওপিতে বরাদ্দ ১২০০.০০ লক্ষ টাকা। অর্থ ব্যয়ের হার ৩১.৭৩%। তিনি আরও উল্লেখ করেন, এ ওপির অধীনে ০১ (এক)টি জীপ গাড়ী ও ০১ (এক)টি মাইক্রোবাস ক্রয়সহ দুটি বৈদেশিক প্রশিক্ষণের ব্যবস্থা রয়েছে। আশা করা যায়, অর্থ বছরের শেষ নাগাদ বরাদ্দকৃত অর্থ সম্পূর্ণরূপে ব্যয় করা সম্ভব হবে।

৭. ন্যাশনাল আই কেয়ার অপারেশনাল প্ল্যানের অগ্রগতি বিষয়ে ডা: মো: শহীদুল ইসলাম, ডিপিএম উল্লেখ করেন ২০১৭-২০১৮ অর্থবছরে এডিপির বরাদ্দ ১৪০০.০০ লক্ষ টাকা। ইতোমধ্যে ১ম ও ২য় কিস্তিতে সর্বমোট ৭০০.০০ লক্ষ টাকা ছাড় করা হয়েছে। এ অর্থবছরে ০৮ টি ব্যাচে মোট ৩২ জন অপথালমোলজিষ্টকে প্রশিক্ষণের লক্ষমাত্রার বিপরীতে এ পর্যন্ত ০৩ ব্যাচে মোট ১২ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া আইক্যাম্প, ২০টি উপজেলায় ভিশন সেন্টার প্রতিষ্ঠা কার্যক্রম এগিয়ে চলছে। দেশে-বিদেশে ডাক্তার ও নার্সদের চক্ষু বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রম ও এ ওপির অধীনে পরিচালিত হয়।

৮. জনাব ডা: মো: আশরাফ-উল-হক, প্রকল্প পরিচালক, কুষ্টিয়া মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপন শীর্ষক প্রকল্প, কুষ্টিয়া জানান, প্রকল্পের মেয়াদ শেষে বর্তমানে RDPP প্রস্তুতির কাজ চলছে। শীঘ্রই এটি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা সম্ভব হবে।

৯. এক্সপানশন এন্ড কোয়ালিটি ইমপ্রুভমেন্ট অব নার্সিং এডুকেশন ওপি সম্পর্কে জনাব মো: খায়রুল কবীর জানান, ২০১৭-২০১৮ অর্থবছরে এডিপির বরাদ্দ ২০০.০০ লক্ষ টাকা, ইতোমধ্যে ১ম ও ২য় কিস্তিতে সর্বমোট ১০০.০০ লক্ষ টাকা ছাড় করা হয়েছে। ভৌত অগ্রগতি ৯০%, আর্থিক ৮৫%। এ ওপির অধীনে শেরেবাংলানগরে নার্সিং কলেজ প্রতিষ্ঠা হচ্ছে এবং মহাখালীতে ডরমিটরী ও ২৪ ইউনিটের টিচার্স কোয়ার্টার নির্মিত হচ্ছে। জুন ২০১৮ প্রকল্পের মেয়াদ শেষ হবে।

১০. এক্সটেনশন অব শহীদ শেখ আবু নাসের বিশেষায়িত হাসপাতাল, খুলনা শীর্ষক প্রকল্প বিষয়ে জনাব মোহাম্মদ নাসির উদ্দীন, উপসচিব (প্রবা-১), স্বাস্থ্য সেবা বিভাগ বলেন, প্রকল্প পরিচালক ডা: পরিতোষ কুমার চৌধুরী অদ্য অনুষ্ঠেয় খুলনা মেডিকেল কলেজের স্বরস্বতি পূজা উদযাপন কমিটির আহবায়ক বিধায় সভায় অনুপস্থিত রয়েছেন। তিনি জানান, প্রকল্পের মেয়াদ ৩০.০৬.২০১৬খ্রি: তারিখে শেষ হয়। বর্তমানে আরডিপিপি প্রক্রিয়াধীন।

১১. সম্মানীভাতা বিষয়ে সদস্য সচিব জনাব মোহাম্মদ নাসির উদ্দীন উল্লেখ করেন, প্রকল্প বাস্তবায়ন-১ শাখার ২৩.০৭.২০১৭খ্রি: তারিখের ৪৫.০০.০০০০.১৭২.৯৯.০০৫.২০১৭-২১৯ স্মারকে সংশ্লিষ্ট লাইন ডাইরেক্টর/ প্রকল্প পরিচালক প্রাপ্যতা সাপেক্ষে কমিটির সদস্যদেরকে সম্মানীভাতা প্রদান করবেন মর্মে উল্লেখ আছে। কিন্তু, টিমসমূহের সভা অনুষ্ঠান এবং মনিটরিং বিষয়ে সরেজমিনে পরিদর্শনের ক্ষেত্রে কখন কোন ওপি/প্রজেক্ট থেকে সম্মানীভাতা প্রদান করা হবে এ বিষয়ে সিদ্ধান্তের প্রয়োজন। সেক্টর ওয়াইড প্রোগ্রাম ম্যানেজমেন্ট এন্ড মনিটরিং ওপি থেকে মনিটরিং ও পরিদর্শন, সভা অনুষ্ঠানের ক্ষেত্রে সকল টিমের সদস্যগণকে সম্মাণী ভাতা প্রদানের বিষয়টি বিবেচনা করা যেতে পারে।

১২. বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১ | যে সকল প্রকল্প মেয়াদ শেষে আরডিপিপি প্রণয়ন প্রক্রিয়াধীন তা দ্রুত প্রণয়ন কাজ শেষ করতে হবে। | সংশ্লিষ্ট পিডি/ পিডব্লিউডি/স্বাস্থ্য অধিদপ্তর/পরিকল্পনা অনুবিভাগ |
| ২ | প্রত্যেক লাইন ডাইরেক্টর/প্রকল্প পরিচালককে মনিটরিং রিপোর্ট/ছক যথাসময়ে প্রেরণসহ বাস্তবায়ন কাজ ত্বরান্বিত করার কার্যকরী উদ্যোগ গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট এলডি/পিডি |
| ৩ | মনিটরিং/পরিদর্শন রিপোর্টে উল্লিখিত সিদ্ধান্তসমূহ যথাশীঘ্র বাস্তবায়ন করতে হবে। | সংশ্লিষ্ট এলডি/পিডি |
| ৪ | মনিটরিং কমিটির সভায় অপারেশনাল প্ল্যান/ প্রকল্পসমূহের হালনাগাদ বাস্তবায়ন অগ্রগতিসহ বিদ্যমান সমস্যা, সমন্বয় বিষয়ে সংক্ষিপ্ত আকারে উপস্থাপনাসহ প্রতিবেদন সদস্য সচিবের নিকট জমা দিতে হবে। | সংশ্লিষ্ট এলডি/পিডি |
| ৫ | সভায় অংশগ্রহণ ও সরেজমিনে মনিটরিং/ভিজিটের ক্ষেত্রে সম্মানীভাতা প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | যুগ্মপ্রধান (পরিকল্পনা) |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মো: মিজানুর রহমান)
অতিরিক্ত সচিব (আ:ব্য:অ:)
ও
সভাপতি, মনিটরিং টিম-২

নং-৪৫.০০.০০০০.১৭২.৩৬.০০১.১৮-৫৯/১(১৯) তারিখঃ ১৫.০২.২০১৮খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। যুগ্মসচিব (এফএমইউ), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,ঢাকা।
৩। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪। প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৬। সিনিয়র সহকারী সচিব (প্রকল্প বাস্তবায়ন-২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৭। লাইন ডাইরেক্টর, হেলথ ইকোনমিক্স এন্ড ফাইন্যান্সিং (এইচইএফ) ও মহাপরিচালক (স্বাস্থ্য অর্থনীতি ইউনিট), আনসারী ভবন, তোপখানা রোড, ঢাকা।
৮। লাইন ডাইরেক্টর, সেক্টর ওয়াইড প্রোগ্রাম ম্যানেজমেন্ট এন্ড মনিটরিং (এসডব্লিউপিএমএস) ও যুগ্মপ্রধান (পরিকল্পনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৯। লাইন ডাইরেক্টর, ন্যাশনাল আই কেয়ার (এনইসি) ও পরিচালক ও অধ্যাপক, জাতীয় চক্ষু বিজ্ঞান ইনষ্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা।
১০। লাইন ডাইরেক্টর, প্ল্যানিং, মনিটরিং এন্ড রিসার্চ (পিএমআর) স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১১। প্রকল্প পরিচালক, কুষ্টিয়া মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপন শীর্ষক প্রকল্প, কুষ্টিয়া।

১২। প্রকল্প পরিচালক, শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ ও হাসপাতাল এবং নার্সিং ইনষ্টিটিউট স্থাপন" শীর্ষক প্রকল্প, গোপালগঞ্জ।

১৩। প্রকল্প পরিচালক, ৫০ শয্যা বিশিষ্ট জাতীয় ক্যান্সার ইনষ্টিটিউট ও হাসপাতালকে ৩০০ শয্যায় উন্নীতকরণ শীর্ষক প্রকল্প, মহাখালী, ঢাকা।

১৪। প্রকল্প পরিচালক, এক্সপানশন এন্ড কোয়ালিটি ইমপ্রুভমেন্ট অব নার্সিং এডুকেশন (জেডিসিএফ) ও মহাপরিচালক (নার্সিং ও মিডওয়াইফারি), কলেজ অফ নার্সিং, একাডেমিক ভবন, শেরে বাংলা নগর, ঢাকা।

১৫। প্রকল্প পরিচালক, "শেখ আবু নাসের বিশেষায়িত হাসপাতাল স্থাপন" শীর্ষক প্রকল্প, খুলনা ও অধ্যাপক (চলতি দায়িত্ব) রেসপিরেটরী মেডিসিন, খুলনা মেডিকেল কলেজ ও হাসপাতাল, খুলনা।

১৬। উপ-প্রধান (পরিকল্পনা অনুবিভাগ), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

১৭। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

১৮। অতিরিক্ত সচিব (আ:ব্য:অ:) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

১৯। যুগ্মসচিব (প্রকল্প বাস্তবায়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

২৫.০২.২০১৮

(মোহাম্মদ নাসির উদ্দীন)
উপসচিব
ফোন ঃ ৯৫৪৯৫৫৩

J:\G\P1-1\bebeda.docx